



BUET Admission Test 2010-2011

গণিত (Written)

01. একটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে কর্মরত 5 জন যন্ত্র প্রকৌশলী ও 4 জন তড়িৎ প্রকৌশলীর মধ্য থেকে 4 জনের একটি গ্রুপ তৈরি করতে হবে। কতভাবে এটা গঠন করা যেতে পারে যাতে গ্রুপটিতে অন্তত 1 জন যন্ত্র ও 1 জন তড়িৎ প্রকৌশলী থাকে?

সমাধান:

ME(5)

EE(4) (i) ${}^5C_1 \times {}^4C_3 = 20$

(i) 1 3

(ii) ${}^5C_2 \times {}^4C_2 = 60$

(ii) 2 2

(iii) ${}^5C_3 \times {}^4C_1 = 40$

(iii) 3 1

 \therefore Total no. of groups $20 + 60 + 40 = 120$

02. x এর সাপেক্ষে যোগজ করে $x = y^2$ এবং $y = x - 2$ রেখা দুটো দিয়ে আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর।


সমাধান: $x = y^2$, $y = x - 2 \therefore x = (x - 2)^2 \therefore x = 4$ or, 1

$$\text{Area, } A_1 = 2 \int_0^1 \sqrt{x} dx = 2 \cdot \frac{2}{3} [x^{\frac{3}{2}}]_0^1 = \frac{4}{3}$$

$$\text{Area, } A_2 \int_1^4 (y_1 - y_2) dx = \int_1^4 [\sqrt{x} - (x - 2)] dx$$

$$= \frac{2}{3} [x^{\frac{3}{2}}]_1^4 - \frac{1}{2} [x^2]_1^4 + 2[x]_1^4 = \frac{2}{3}(8 - 1) - \frac{1}{2}(16 - 1) + 2(4 - 1) = \frac{19}{6}$$

$$\therefore A = A_1 + A_2 = \frac{4}{3} + \frac{19}{6} = 4.5 \text{ sq. units (Ans.)}$$



03. $9x^2 - 16y^2 + 72x - 32y - 16 = 0$ বক্ররেখাটির প্রকৃতি, তার কেন্দ্র ও উপকেন্দ্রদ্বয়ের স্থানাঙ্ক, নিয়ামকদ্বয়ের সমীকরণ এবং নাভিলম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।

$$\text{সমাধান: } 9x^2 - 16y^2 + 72x - 32y - 16 = 0 \Rightarrow 9x^2 + 72x + 144 - 16y^2 - 32y - 16 = 144$$

$$\Rightarrow 9(x + 4)^2 - 16(y + 1)^2 = 144 \Rightarrow \frac{(x+4)^2}{16} - \frac{(y+1)^2}{9} = 1 \dots (i); \text{ The curve is a hyperbola (Ans.)}$$

অথবা, $ab - h^2 = -144 < 0 \therefore$ এটি অধিবৃত্ত

$$\text{Its centre is } (X, Y) \equiv 0 \Rightarrow (x + 4, y + 1) \equiv 0 \Rightarrow (x, y) \equiv (-4, -1) \text{ (Ans.)}; e = \sqrt{\frac{16+9}{16}} = \frac{5}{4}$$

$$\text{The foci (উপকেন্দ্র) are, } (X, Y) \equiv (\pm 4 \cdot \frac{5}{4}, 0) \Rightarrow (x + 4, y + 1) \equiv (\pm 5, 0) \Rightarrow (x, y) \equiv (1, -1), (-9, -1) \text{ (Ans.)}$$

$$\text{Equation of directrices are } X = \pm \frac{a}{c} \pm \frac{4}{5} \Rightarrow x + 4 = \pm \frac{16}{5} \text{ (Ans.)}$$

$$\text{Length of latus rectum (নাভিলম্ব)} = \frac{2 \times 9}{4} = \frac{18}{4} \text{ units (Ans.)}$$

04. সমাধান কর: $\tan^{-1} x + 2 \cot^{-1} x = \frac{2}{3} \pi$

$$\text{সমাধান: } \tan^{-1} x + \cot^{-1} x + \cot^{-1} x = \frac{2}{3} \pi \Rightarrow \frac{\pi}{2} + \cot^{-1} x = \frac{2}{3} \pi \Rightarrow \cot^{-1} x = \frac{\pi}{6} \therefore x = \sqrt{3} \text{ (Ans.)}$$

05. যদি $\cos^{-1} \left(\frac{y}{b} \right) = n \ln \left(\frac{x}{n} \right)$ হয়, প্রমাণ কর যে, $x^2 \frac{d^2 y}{dx^2} + x \frac{dy}{dx} + n^2 y = 0$

$$\text{সমাধান: } \cos^{-1} \left(\frac{y}{b} \right) = n \ln \left(\frac{x}{n} \right) \Rightarrow \frac{-1}{\sqrt{1 - \frac{y^2}{b^2}}} \cdot \frac{1}{b} \cdot \frac{dy}{dx} = n \cdot \frac{n}{x} \cdot \frac{1}{n} [x \text{ এর সাপেক্ষে ব্যবকলন}]$$

$$\Rightarrow \frac{-b}{\sqrt{b^2 - y^2}} \cdot \frac{1}{b} \cdot \frac{dy}{dx} = \frac{n}{x} \Rightarrow \frac{-dy}{dx} = \frac{n}{x} \sqrt{b^2 - y^2} \Rightarrow \left(\frac{dy}{dx} \right)^2 = \frac{n^2}{x^2} (b^2 - y^2) \text{ [বর্গ করে]}$$

$$\Rightarrow x^2 \cdot \left(\frac{dy}{dx} \right)^2 = n^2 (b^2 - y^2) \Rightarrow \text{পুনরায় differentiate করে}$$

$$\Rightarrow x^2 \cdot 2 \cdot \frac{dy}{dx} \cdot \frac{d^2 y}{dx^2} + \left(\frac{dy}{dx} \right)^2 \cdot 2x = -n^2 \cdot 2yy_1 \Rightarrow x^2 \cdot 2y_1 \cdot \frac{d^2 y}{dx^2} + y_1^2 2x = -n^2 \cdot 2yy_1$$

$$\text{উভয়পক্ষকে } 2y_1 \text{ দ্বারা ভাগ করে, } x^2 \cdot y_2 + xy_1 + n^2 y = 0 \Rightarrow x^2 \cdot \frac{d^2 y}{dx^2} + x \frac{dy}{dx} + n^2 y = 0 \text{ [Proved]}$$

06. মান নির্ণয় কর: $\int_0^4 y\sqrt{4-y} dy$

সমাধান: Let, $y = 4 \sin^2 \theta \Rightarrow dy = 8 \sin \theta \cos \theta d\theta$

Now, $\int_0^{\pi/2} 3 \sin^2 \theta \sqrt{4-4 \sin^2 \theta} 8 \sin \theta \cos \theta d\theta$

$= 64 \int_0^{\pi/2} \sin^3 \theta \cos^2 \theta d\theta$

Let, $\cos \theta = y \Rightarrow -\sin \theta d\theta = dy$

অথবা, Let, $4-y = z^2 \Rightarrow y = 4-z^2 \therefore dy = -2z dz \therefore \int_2^0 (4-z^2)z(-2z) dz$

$\therefore \int_2^0 (z^2-4)2z^2 dz = 2 \int_2^0 z^4 dz - 8 \int_2^0 z^2 dz = 2 \left[\frac{z^5}{5} \right]_2^0 - 8 \left[\frac{z^3}{3} \right]_2^0$

$2 \left(-\frac{2^5}{5} \right) - 8 \left(-\frac{2^3}{3} \right) = \frac{64}{3} - \frac{64}{5} = \frac{128}{15}$ (Ans.)

Now, $-64 \int_1^0 (1-y^2)y^2 dy$

$= 64 \int_0^1 y^2 dy - 64 \int_0^1 y^4 dy$

$= 64 \left[\frac{y^3}{3} \right]_0^1 - 64 \left[\frac{y^5}{5} \right]_0^1$

$= \frac{128}{15}$ (Ans.)

$y = 4$ হলে, $z = 0$

$y = 0$ হলে, $z = 2$

*07. 400g এবং 600g ভরের দুইটি বস্তু একটি মসৃণ কপিকলের উপর দিয়ে একটি রশির দুই প্রান্তে ঝুলিয়ে দেয়া হল। গতি শুরু হবার 1s পর ভারী বস্তুটিকে ধরে থামিয়ে আবার সঙ্গে সঙ্গে ছেড়ে দিলে কতক্ষণ পর রশিটি সোজা হবে?

সমাধান: Acceleration $= \frac{600-400}{600+400} \times 9.8 = 1.96 \text{ms}^{-2}$

Velocity after 1 sec $= 1.96 \text{ms}^{-1}$

The rope will be straight. Ans: After 0.2sec.

Again, when the velocity will be 1.96ms^{-1} due to gravity

Now, $t = \frac{1.96}{9.8} = 0.2 \text{sec}$ [vat, 0.2sec পর বস্তুটি নিচের

দিকে একই ত্বরণ পাবে বলের দিকটি সোজা হবে]

*08. 4g ভরের একটি বস্তু 6m উচ্চ স্থান হতে পতিত হয়ে কাদায় 5cm প্রবেশ করে স্থির হয়ে পড়ল। বস্তুটির উপর কাদার গড় ধাক্কার পরিমাণ নির্ণয় কর।

সমাধান: Velocity before touching the ground is assumed v , then $v^2 = 2 \times 9.8 \times 6 = 117.6 \text{m}^2 \text{s}^{-2}$

Again, if a is deceleration after entering the ground then, $a = \frac{117.6}{2 \times 5 \times 10^{-2}} = 1176 \text{ms}^{-2}$

\therefore Average thrust of mud on the body $= (1176 + 9.8) \times 4 \times 10^{-3} = 4.7432 \text{N}$ (Ans.)

Shortcut for objective: $F = mg \left(1 + \frac{h}{x} \right) = 0.04 \times 9.8 \times \left(1 + \frac{6}{0.05} \right) = 4.7432 \text{N}$

09. দুইটি একই রকম বাস্তুর প্রথমটিতে 5টি নীল এবং 4টি কাল ও দ্বিতীয়টিতে 4টি নীল এবং 8টি কাল বল আছে। সমসত্ত্ব উপায়ে একটি বাস্ত্র নির্বাচন করা হল এবং ঐ বাস্ত্র হতে নিরপেক্ষভাবে একটি বল টানা হল। বলটি নীল হওয়ায় সম্ভাব্যতা নির্ণয় কর। যদি বলটি নীল হয়, তাহলে সেটি প্রথম বাস্ত্র থেকে টানার সম্ভাব্যতা কত?

সমাধান: Probability of selecting a blue ball from first box $= \frac{1}{2} \times \frac{{}^5C_1}{{}^9C_1} = \frac{5}{18}$

Probability of selecting a blue ball from second box $= \frac{1}{2} \times \frac{{}^4C_1}{{}^{12}C_1} = \frac{1}{6}$

Probability of ball being ball selected from first box $= \frac{\frac{1}{2} \times \frac{{}^5C_1}{{}^9C_1}}{\frac{1}{2} \times \frac{{}^4C_1}{{}^{12}C_1} + \frac{1}{2} \times \frac{{}^5C_1}{{}^9C_1}} = \frac{5}{8}$ (Ans.)

পদার্থবিজ্ঞান (Written)

10. 1200kg ভরের একটি গাড়ীর ইঞ্জিনের ক্ষমতা 134.05 H.P. ও কর্মদক্ষতা 90%। গাড়ীটিকে স্থিরাবস্থা থেকে 30ms^{-1} বেগে আনতে ন্যূনতম কত সময় লাগবে? (1 H.P. = 0.746 kW).

সমাধান: প্রাপ্ত ক্ষমতা, $P = 134.05 \times 746 \times 90\% W = 90001.17$

গতিশক্তি = কৃতকাজ; $\frac{1}{2} mv^2 = Pt \Rightarrow t = \frac{1}{2P} mv^2 \Rightarrow t = 5.99992201 \text{sec} \Rightarrow t \approx 6 \text{sec}$ (Ans.)

11. একটি রিমোট সেন্সিং স্যাটেলাইট পৃথিবীর চারিদিকে ভূ-পৃষ্ঠ হতে 250km উপরে বৃত্তাকার পথে ঘুরছে। এই পথে স্যাটেলাইটটির গতিবেগ এবং ঘূর্ণন কাল নির্ণয় কর। ($R_e = 6400 \text{km}$, $g = 9.8 \text{ms}^{-2}$)

সমাধান: $V = \sqrt{\frac{GM}{R+h}} \Rightarrow V = \sqrt{\frac{gR^2}{R+h}} \Rightarrow V = R \sqrt{\frac{g}{R+h}} \Rightarrow V = 7769.31 \text{ms}^{-1}$ (Ans.)

$Vt = 2\pi(R+h) \Rightarrow t = \frac{2\pi(R+h)}{v} \Rightarrow t = 5377.98 \text{sec} \Rightarrow t \approx 89.633 \text{min}$ (Ans)



12. একটি জলবিদ্যুৎ কেন্দ্রে বাঁধের উচ্চতা 10m. 1MW বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রতি সেকেন্ডে টারবাইনটির ব্লেডগুলোর উপর কত কিলোগ্রাম পানি পড়তে হবে?

সমাধান: বিভব শক্তি = উৎপন্ন বিদ্যুৎ শক্তি; $mgh = pt \Rightarrow m = \frac{1 \times 10^6 \times 1}{9.8 \times 10} \text{ kg} \therefore m = 10204.08 \text{ kg (Ans.)}$

13. যখন 1kg আদর্শ ভর একটি চলমান প্লাটফর্মের উপর রাখা হয় তখন তার স্পন্দনের হার 125 vib min⁻¹. কোন অজানা ভরের জন্য স্পন্দনের হার 243 vib min⁻¹ হবে? চলমান প্লাটফর্মের ভর অগ্রাহ্য কর।

সমাধান: $T = 2\pi \sqrt{\frac{m}{k}} \Rightarrow \frac{1}{n} = 2\pi \sqrt{\frac{m}{k}} \therefore \frac{1}{n_1} = 2\pi \sqrt{\frac{m_1}{k}} \dots \dots (i); \frac{1}{n_2} = 2\pi \sqrt{\frac{m_2}{k}} \dots \dots (ii)$

(i) ÷ (ii) $\Rightarrow \frac{n_2}{n_1} \sqrt{\frac{m_1}{m_2}} \Rightarrow \frac{243}{125} = \sqrt{\frac{m_1}{m_2}} \therefore m_2 = 0.2646 \text{ kg (Ans.)}$

14. একটি কাঠের চাকার পরিধি বরাবর একটি লোহার চুড়ি পরানোর জন্য মনস্থ করা হল। চাকার ব্যাস 1.10m এবং লোহার চুড়ির ভেতরের ব্যাস 1.098m. যদি লোহার চুড়িটির আদি তাপমাত্রা 20°C হয় তাহলে একে কত তাপমাত্রায় উন্নীত করতে হবে যাতে করে এটি ঠিক কাঠের চাকার উপর বসে পড়ে? (লোহার $\alpha = 1.2 \times 10^{-5} \text{ } ^\circ\text{C}^{-1}$).

সমাধান: চাকার পরিধি, $l_1 = 2\pi \frac{1.10}{2} \text{ m} = 2\pi \times 0.55 \text{ m}$; লোহার চুড়ির পরিধি, $l_2 = 2\pi \frac{1.098}{2} \text{ m} = 2\pi \times 0.549 \text{ m}$

দৈর্ঘ্য বৃদ্ধি $\Delta l = l_1 - l_2 = 2\pi \times 0.001 \text{ m}$

$\Delta \theta = \frac{\Delta l}{l_2 \alpha} \Rightarrow \Delta \theta = 151.79^\circ\text{C} \therefore \theta_2 - \theta_1 = 151.79^\circ\text{C} \therefore \theta_2 = 171.79^\circ\text{C (Ans.)}$

15. একটি স্লাইড প্রোজেক্টর দিয়ে 35mm×23mm আকারের একটি স্লাইডকে 2m×2m আকারের একটি পর্দায় প্রক্ষেপন করা হবে। যদি পর্দাটি লেন্স হতে 10m দূরে থাকে তাহলে লেন্সের ফোকাস দূরত্ব নির্ণয় কর।

সমাধান: $m = \frac{2}{35 \times 10^{-3}} = \frac{400}{7} = \frac{v}{u} \therefore \frac{400}{7} = \frac{10}{u} \therefore u = \frac{7}{40}; \frac{1}{v} + \frac{1}{u} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{10} + \frac{1}{\frac{7}{40}} = \frac{1}{f} \Rightarrow f = 0.172 \text{ m (Ans.)}$

16. বায়ু মাধ্যমে 50000V m⁻¹ সুস্থম বৈদ্যুতিক ক্ষেত্রে দুটি বৃত্তাকার পাত 0.002m দূরত্বে সমান্তরাল অবস্থায় আছে। প্রতিটি পাতের ব্যাসার্ধ 0.08m। গঠিত ধারকটিতে মোট সঞ্চিত শক্তি নির্ণয় কর।

সমাধান: $C = \frac{\epsilon_0 A}{d} = \frac{\epsilon_0 \times \pi r^2}{d} = \frac{\epsilon_0 \pi \times 0.08^2}{0.002} = 8.901 \times 10^{-11} \text{ F}$

এখন, $v = Ed \Rightarrow v = 50000 \times 0.002 \text{ V} \Rightarrow v = 100 \text{ V}$; শক্তি, $U = \frac{1}{2} CV^2 \Rightarrow U = 4.45 \times 10^{-7} \text{ J (Ans.)}$

17. 250 পাক সংখ্যা বিশিষ্ট বৃত্তাকার কয়েলের ব্যাসার্ধ 5cm। যদি কয়েলটিতে বিদ্যুৎ প্রবাহের পরিমাণ 20A হয় তাহলে কয়েলের ক্ষেত্রে চৌম্বকক্ষেত্রের মান কত? ($\mu_0 = 4\pi \times 10^{-7} \text{ TmA}^{-1}$).

সমাধান: $B = \frac{N\mu_0 I}{2r} \Rightarrow B = \frac{250 \times 4\pi \times 10^{-7} \times 20}{(2 \times 0.05)} \Rightarrow B = 0.0628 \text{ T (Ans.)}$


18. একটি 40W এর বাতি থেকে সবুজ আলো ($\lambda = 555 \text{ nm}$) বিকিরিত হচ্ছে। বাতিটির তড়িৎ শক্তির 3% যদি আলোক শক্তিতে রূপান্তরিত হয়, তবে প্রতি সেকেন্ডে বাতি হতে কত সংখ্যক ফোটন নির্গত হয়?

সমাধান: $\frac{hc}{\lambda} = 3.58 \times 10^{-19} \text{ J}$; 40J-এর 3% = 1.2J [1 sec-এ] $\frac{nhc}{\lambda} = 1.2 \Rightarrow n = 3.352 \times 10^{18} \text{ (Ans.)}$

রসায়ন (Written)

19. এক টুকরা সাদা ফসফরাস (পা' ভর = 31) বাতাসে নিক্ষেপ করা হল এবং প্রজ্জ্বলিত হল। এই ঘটনার উপর ভিত্তি করে নিম্নের প্রশ্নগুলোর উত্তর দাও।

(a) বাতাসে ঘটমান রাসায়নিক বিক্রিয়াটি বিক্রিয়ক এবং উৎপাদের ভৌত অবস্থাসহ লিখ।



$$\begin{array}{rcl} 4 \times 31 & & 2 \times (2 \times 31 + 5 \times 16) \\ = 124 \text{ gm} & & 284 \text{ gm} \end{array}$$

- (b) উৎপাদের পরিমাণ ছিল 2.84g. বাতাসে কি পরিমাণ (গ্রামে) ফসফরাস নিক্ষেপ করা হয়েছিল? কত মোল ফসফরাস নিক্ষেপ করা হয়েছিল?



সমাধান: $P_4 + 5O_2 = 2P_2O_5$ [লক্ষ্যনীয় বাতাসে নিক্ষেপ করায় P_2O_3 হবার সুযোগ নেই।]

284 gm উৎপাদ আসে 124 gm ফসফরাস হতে

∴ 2.84 gm উৎপাদ আসে 124 gm ফসফরাস হতে

$$= \frac{1.24}{31 \times 4} \text{ mol ফসফরাস হতে} = 0.01 \text{ mol ফসফরাস হতে}$$

Ans: 1.24 gm; 0.01 mol


20. প্রাচীন সভ্যতার একটি কাঠের পুতুলের তেজস্ক্রিয়তার মান 12 cpmg^{-1} পাওয়া গেল। প্রাথমিক অবস্থায় পুতুলটির তেজস্ক্রিয়তার মান ছিল 20 cpmg^{-1} । প্রাচীন সভ্যতার বয়স নির্ণয় কর। (তেজস্ক্রিয় কার্বনের অর্ধায়ু 5600 বছর)

সমাধান: Here, $C_0 = 20 \text{ cpmg}^{-1}$, $C_t = 12 \text{ cpmg}^{-1}$

$$T_{\frac{1}{2}} = \frac{0.693}{k} = 5600 \text{ yr} \therefore k = \frac{0.693}{5600} \text{ yr}^{-1} = 1.2375 \times 10^{-4} \text{ yr}^{-1}$$

১ম ক্রম বিক্রিয়ার ক্ষেত্রে, We know, $kt = \ln \frac{C_0}{C_t} \Rightarrow t = \frac{1}{k} \ln \frac{C_0}{C_t} = \frac{1}{1.2375 \times 10^{-4}} \ln \frac{20}{12} \text{ yr} = 4127.88 \text{ yr (Ans.)}$

21. 25g জিঙ্ক পাউডারকে $ZnCl_2$ এ পরিণত করার জন্য ন্যূনতম কি পরিমাণ (cm^3 এ) 0.05 mol dm^{-3} HCl এর প্রয়োজন হবে তা নির্ণয় কর।



81.4 gm $ZnO \equiv 2 \text{ mol HCl} \therefore 25 \text{ gm ZnO} \equiv 0.614 \text{ mol HCl}$

$$\therefore v \times 0.05 = 0.614 \Rightarrow v = 12.280 \text{ L} = 12280 \text{ mL} \left[M = \frac{n}{V} = \frac{\text{মোল}}{\text{লিটার}} \right]$$


22. (a) নিম্নের অক্সাইডগুলোকে অম্লীয়, ক্ষারীয়, উভধর্মী, পার-অক্সাইড এবং সুপার অক্সাইড হিসেবে শ্রেণীভেদ কর।

(i) KO_2 (ii) BaO_2 (iii) SiO_2 (iv) SnO (v) BaO

সমাধান: (i) সুপার অক্সাইড (ii) পার অক্সাইড (iii) অম্লীয় (iv) উভধর্মী (v) ক্ষারকীয়




(b) নিম্নের যৌগগুলোর রাসায়নিক সংকেত লিখ।

(i) ইপসম সল্ট (ii) হাইপো (iii) উড স্পিরিট (iv) অ্যাসপিরিন (v) ইউরিয়া


Solⁿ: (i) $MgSO_4 \cdot 7H_2O$ (ii) $Na_2S_2O_3$ (iii) 72% CH_3OH (iv)  (v) $H_2N - CO - NH_2$

23. (a) নাইট্রোস এসিডের সাথে 1° , 2° এবং 3° অ্যামিনের বিক্রিয়া দেখাও।


সমাধান: $NaNO_2(s) + HCl(aq) \rightarrow HNO_2(aq) + NaCl(aq)$



(b) অ্যানিলিন থেকে অর্থো ও প্যারা নাইট্রো অ্যানিলিন তৈরির রাসায়নিক সমীকরণ দাও।



24. (a) $NaCl$ এবং $AgNO_3$ এর জলীয় দ্রবণ মেশালে যে বিক্রিয়া সংঘটিত হয় তার সমীকরণটি লিখ।








(b) অকটেন নম্বর 90 কি?


সমাধান: যে জ্বালানির দক্ষতা 90% আইসোঅকটেন ও 10% n- হেক্টেনের মিশ্রণ জ্বালানীর সমান।




25. নিম্নের বিক্রিয়াগুলো পূর্ণ করঃ



26. (a) $\text{C}_3\text{H}_9\text{N}$ আনবিক ফরমূলা সম্বলিত যৌগটির গাঠনিক ফরমূলা লিখ যার মধ্যে কোন কার্বন-কার্বন বন্ধন নাই।




(b) নিম্নের বিক্রিয়াগুলোর মূল উৎপাদন লিখ।



27. ফরমালীন কি? হেঞ্জামীন যৌগের চাক্রিক গঠনটি লিখ।

সমাধান: ফরমালীন মিথান্যালের 30 – 40% জলীয় দ্রবণ।



ইংরেজি (Written)

Read the following passage and answer the question numbers 28-29 that follow:

Bangladesh is severely affected by all sorts of pollutions. The capital city with a population over ten millions is exposed to these pollutions. Various outdoor and indoor pollutions harm everybody. The weather pattern has changed because of the ecological imbalance. No sooner one goes out of the house, one is exposed to pollution. The air we breathe in is highly polluted as Dhaka city is a highly polluted city.

The sound pollution is rapidly increasing. Human beings can tolerate 45 decibels in the normal condition. But sound in many areas in Dhaka City measures 60 decibels at the lowest. In several areas the noise is about 90 decibels. The situation turns further worse when loud speakers and amplifiers are played and hydraulic horns are used freely by vehicles. Everybody is aware of the severe adverse impact of noise on the human system, especially on expecting mothers, children and heart patients.



Safe drinking water is the crying need of the day. About 2.3 billion people in the world suffer from water-borne diseases. Water-borne diseases result from using water contaminated by human, animal or chemical wastes. In Bangladesh both surface and ground waters are fouled with industrial, agricultural and municipal wastes. All the rivers are so polluted that they endanger human health and poison surrounding ecosystem.

The quality of air in Dhaka City is the worst. The air is laden with carbon monoxide, sulphur dioxide, nitrogen oxides, hydrocarbons, lead and dozens of suspended particles. The cost in terms of loss of life and loss of productivity due to pollution related diseases is simply horrendous. Air pollution also reduces food production and timber harvests, because high levels of pollution impair photosynthesis. Pollution from heavy metals is responsible for loss of intelligence among children and abnormal behaviour among adults. Heavy metals released into the environment come from emissions by metal smelters, industrial wastes, lead from batteries and water pipes, paints and gasoline.

28. Indicate, whether the following statements are true or false. If false, give the correct information.
- (a) Ecological balance ensures a healthy weather pattern. Ans: True
 - (b) Sound is polluted by different suspended materials. Ans: False
 - (c) Pollution from heavy metals does not impair child intelligence. Ans: False
 - (d) City dwellers are the worst sufferers from environment pollution. Ans: True
 - (e) A pollution free environment helps us to lead a healthy life. Ans: True
29. Fill in the gaps with the correct form of verbs provided.
- (a) At present, Bangladesh, particularly Dhaka _____ (become) polluted rapidly. Ans: has become
 - (b) Outdoor and indoor pollutions _____ (cause) death of huge lives each year. Ans: cause
 - (c) The consequences of sound pollution _____ (be) really dangerous. Ans: are
 - (d) Pure drinking water _____ (have) also become rare. Ans: has
 - (e) Serious water-borne diseases _____ (be) very common. Ans: are
30. Fill in the blanks with appropriate words to provide some information about the 'pollutions is Dhaka City.'
- (a) Air gets _____ in many ways. Ans: polluted
 - (b) By inhaling polluted air, people _____ sick. Ans: become
 - (c) Air pollution is a great _____ to our existence on earth. Ans: alarm/warning/threat
 - (d) There _____ many reasons for air pollution. Ans: are
 - (e) We must keep air _____ and free from pollution in order to survive on earth. Ans: fresh

গণিত + পদার্থবিজ্ঞান + রসায়ন + ইংরেজি (MCQ)

01. n এর ধনাত্মক সর্বনিম্ন অখণ্ড মান বের কর যার জন্য $\left(\frac{1+i}{1-i}\right)^n = 1$
- (a) 2 (b) 3 (c) 6 (d) 4
- সমাধান: (d); $\left(\frac{1+i}{1-i}\right)^n = 1 \Rightarrow \left\{\frac{(1+i)^2}{(1-i)(1+i)}\right\}^n = 1 \Rightarrow i^n = 1$; এক্ষেত্রে ক্ষুদ্রতম $n = 4$ এর জন্য $i^4 = 1 \therefore n = 4$
02. ω যদি 1 এর একটি জটিল ঘনমূল হয়, তবে নিম্নের নির্ণায়কটির মান কত? $\begin{vmatrix} 1 & -\omega & \omega^2 \\ -\omega & \omega^2 & 1 \\ \omega^2 & 1 & -\omega \end{vmatrix}$
- (a) 4 (b) 2 (c) 3 (d) None of the above
- সমাধান: (d); $\begin{vmatrix} 1 & -\omega & \omega^2 \\ -\omega & \omega^2 & 1 \\ \omega^2 & 1 & -\omega \end{vmatrix} = -\omega^3 - 1 + \omega(\omega^2 - \omega^2) + \omega^2(-\omega - \omega^4)$
 $= -2 + 0 + \omega^2 - 2\omega = -2 - 2\omega^3 = -4$ (Ans.)
03. $\left(x - \frac{1}{x}\right)^{16}$ এর বিস্তৃতি থেকে মধ্য পদটির মান বের কর।
- (a) 17820 (b) 18702 (c) 13780 (d) 12870
- সমাধান: (d); $\left(x - \frac{1}{x}\right)^{16}$ এর বিস্তৃতিতে মধ্যপদ = 9th পদ; $(8 + 1)$ তম পদ = ${}^{16}C_8(-1)^8 = 12870$ (Ans.)



*04. যদি $A = \{(x, y)/x - y = 2\}$ এবং $B = \{(x, y)/x + y = 4\}$ হয়, তাহলে $A \cap B$ এর মান-

- (a) (4, 2) (b) (3, 1) (c) (2, 2) (d) (6, 4)

সমাধান: (b); $x - y = 2; x + y = 4$. By solving the equation, we get, $x = 3, y = 1$

05. যদি $f(x) = \sqrt{x - 2}$ এবং $g(x) = x^2 + 1$ হয়, তাহলে $f \circ g$ এর ডোমেন হবে-

- (a) $-\infty, -1) \cup (1, -\infty)$ (b) $[-1, 1]$ (c) $(-\infty, \infty)$ (d) $(-\infty, -1] \cup [1, \infty)$

সমাধান: (d); $f \circ g = f(g(x)) = f(x^2 + 1) = \sqrt{x^2 + 1 - 2} = \sqrt{x^2 - 1} \therefore \text{Dom } f = (-\infty, -1] \cup [1, \infty)$

06. A, B এবং C ম্যাট্রিক্সগুলোর মাত্রা যথাক্রমে $4 \times 5, 5 \times 4$ এবং 4×2 হলে $(A^T + B)C$ ম্যাট্রিক্সের মাত্রা হবে-

- (a) 5×4 (b) 4×2 (c) 5×2 (d) 2×5

সমাধান: (c); A^T এর মাত্রা 5×4 ; $(A^T + B)$ এর মাত্রা $5 \times 4 \therefore (A^T + B)C$ এর মাত্রা 5×2

07. যদি $\underline{A} = 2\underline{i} - \underline{j} + 3\underline{k}$, $\underline{B} = 3\underline{i} + 4\underline{j} - 5\underline{k}$ হয়, তাহলে \underline{B} ভেক্টরের উপর \underline{A} ভেক্টরের অভিক্ষেপ হচ্ছে-

- (a) $\frac{-13\sqrt{2}}{10}$ (b) $\frac{13}{7}$ (c) $\frac{-13}{10\sqrt{7}}$ (d) $\frac{7}{5\sqrt{2}}$

সমাধান: (a); $\text{Acos}\theta = \frac{\underline{A} \cdot \underline{B}}{|\underline{B}|} = \frac{2 \times 3 + 4(-1) + 3(-5)}{\sqrt{3^2 + 4^2 + (-5)^2}} = \frac{-13\sqrt{2}}{10}$

08. $y^2 = 2x^3$ বক্ররেখার কোন বিন্দুতে স্পর্শকটি $4x - 3y + 1 = 0$ সরলরেখার সাথে লম্ব হবে?

- (a) $(-\frac{1}{8}, \frac{1}{16})$ (b) $(\frac{1}{8}, -\frac{1}{16})$ (c) $(-\frac{1}{8}, -\frac{1}{16})$ (d) $(\frac{1}{8}, \frac{1}{16})$

সমাধান: (b); $y^2 = 2x^3$

$\Rightarrow 2y \frac{dy}{dx} = 2 \cdot 3x^2 \Rightarrow \frac{dy}{dx} = \frac{3x^2}{y}$

বিন্দুটি $y^2 = 2x^3$ এর উপর তাই x স্থানাঙ্ক +ve। আবার স্পর্শকের ঢাল = -ve

$\therefore y$ এর স্থানাঙ্ক -ve; $\frac{dy}{dx}$ should be $-\frac{3}{4}$

09. $(0, -1)$ এবং $(2, 3)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তটি x-অক্ষ থেকে যে পরিমাণ অংশ ছেদ করে তা হচ্ছে-





- (a) 4 (b) 2 (c) 3 (d) $3\sqrt{2}$

সমাধান: (a); $x(x - 2) + (y + 1)(y - 3) = 0 \Rightarrow x^2 - 2x + y^2 - 2y - 3 = 0 \Rightarrow x^2 + y^2 - 2x - 2y - 3 = 0$

$\therefore x$ অক্ষ থেকে ছেদক অংশ = $2\sqrt{g^2 - c} = 2\sqrt{1^2 + 3} = 4$

10. নিচের কোনটি $y = -(x - 1)^2$ এর লেখচিত্র?

[Ans: b]



11. কোন উপবৃত্তের ক্ষুদ্র অক্ষের দৈর্ঘ্যের অর্ধেক তার কেন্দ্র ও উপকেন্দ্রের মধ্যবর্তী দূরত্বের সমান হলে তার উপকেন্দ্রিকতা হবে-

- (a) $\frac{1}{\sqrt{2}}$ (b) $\frac{1}{\sqrt{3}}$ (c) $\sqrt{2}$ (d) $\frac{1}{2}$

সমাধান: (a); $b = ae \therefore e^2 = 1 - \frac{b^2}{a^2} \Rightarrow e^2 = 1 - e^2 \Rightarrow e = \frac{1}{\sqrt{2}}$

12. $y^2 = 9x$ পরাবৃত্তের উপরিস্থিত P বিন্দুর কোটি 12 হলে ঐ বিন্দুর উপকেন্দ্রিক দূরত্ব হচ্ছে-

- (a) $21\frac{2}{3}$ (b) $16\frac{1}{3}$ (c) $3\frac{1}{4}$ (d) $18\frac{1}{4}$

সমাধান: (d); $y^2 = 9x \therefore y = 12$ হলে, $x = 16 \therefore$ উপকেন্দ্রিক দূরত্ব = $a + x = \frac{9}{4} + 16 = 18\frac{1}{4}$

13. $2x + 3y = 7$ এবং $3ax - 5by + 15 = 0$ সমীকরণ দুটি একই সরলরেখা প্রকাশ করলে a ও b ধ্রুবকের মান কত হবে?

- (a) $(-\frac{5}{7}, \frac{3}{7})$ (b) $(-\frac{5}{7}, \frac{9}{7})$ (c) $(-\frac{10}{7}, \frac{9}{7})$ (d) $(-\frac{10}{7}, \frac{3}{7})$

সমাধান: (c); $\frac{2}{3a} = \frac{3}{-5b} = \frac{7}{-15} \Rightarrow a = -\frac{30}{21} = -\frac{10}{7}; b = \frac{9}{7}$

14. $4y = 3(x - 4)$ এবং $4y = 3(x - 1)$ রেখা দুইটির মধ্যবর্তী লম্ব দূরত্ব কত?

- (a) $\frac{9}{4}$ (b) $\frac{15}{9}$ (c) $\frac{9}{5}$ (d) None of the above

সমাধান: (c); $4y = 3(x - 4), 4y = 3(x - 1), d = \frac{c_1 - c_2}{\sqrt{a^2 + b^2}} = \frac{3 \times 4 - 3 \times 1}{\sqrt{3^2 + 4^2}} = \frac{9}{5}$



15. যদি $\sin^{-1} x + \sin^{-1} y = \frac{\pi}{2}$ হয়, তাহলে $(x^2 + y^2)$ এর মান হচ্ছে—

- (a) 4 (b) 3 (c) 2 (d) 1

সমাধান: (d) ; $\sin^{-1} x + \sin^{-1} y = \frac{\pi}{2} \Rightarrow x = \sin\left(\frac{\pi}{2} - \sin^{-1} y\right) \Rightarrow x = \cos(\sin^{-1} y)$

$\Rightarrow x = \cos(\cos^{-1} \sqrt{1 - y^2}) \Rightarrow x^2 + y^2 = 1$

16. $(a + b + c)(b + c - a) = 3bc$ হলে A কোণের মান নির্ণয় কর।

- (a) 30° (b) 0° (c) 60° (d) 45°

সমাধান: (c) ; $(a + b + c)(b + c - a) = 3bc \Rightarrow (b + c)^2 - a^2 = 3bc \Rightarrow b^2 + c^2 - a^2 = bc$

$\Rightarrow \frac{b^2 + c^2 - a^2}{2bc} = \frac{1}{2} \therefore A = 60^\circ$

17. $\cos\theta + \sqrt{3}\sin\theta = 2$, ($0^\circ < \theta < 360^\circ$) এর মান নির্ণয় কর।

- (a) 45° (b) 60° (c) 90° (d) 120°

সমাধান: (b) ; $\cos\theta + \sqrt{3}\sin\theta = 2 \Rightarrow \frac{1}{2}\cos\theta + \frac{\sqrt{3}}{2}\sin\theta = 1 \Rightarrow \cos\left(\theta - \frac{\pi}{3}\right) = 1 \Rightarrow \theta - \frac{\pi}{3} = 2n\pi$

$\Rightarrow \theta = 2n\pi + \frac{\pi}{3}$; $n = 0$ হলে, $\therefore \theta = \frac{\pi}{3} = 60^\circ$

18. সমাধান কর: $2 \tan^{-1}(\cos x) = \tan^{-1}(2 \operatorname{cosec} x)$

- (a) $n\pi \pm (-1)^n \frac{\pi}{4}$ (b) $2n\pi \pm \frac{\pi}{3}$ (c) $n\pi \pm \frac{\pi}{3}$ (d) $n\pi + \frac{\pi}{4}$

সমাধান: (d) ; $2 \tan^{-1}(\cos x) = \tan^{-1}(2 \operatorname{cosec} x) \Rightarrow \tan^{-1}\left(\frac{2 \cos x}{1 - \cos^2 x}\right) = \tan^{-1}(2 \operatorname{cosec} x)$

$\Rightarrow 2 \cot x \operatorname{cosec} x = 2 \operatorname{cosec} x \Rightarrow \cot x = 1 \Rightarrow x = n\pi + \frac{\pi}{4}$

19. x এর যে মানের জন্য $f(x) = \sin^3 x \cos x$, ($0 < x < \pi$) এর মান বৃহত্তম হয় তা হচ্ছে—

- (a) $\frac{\pi}{6}$ (b) $\frac{\pi}{4}$ (c) $\frac{\pi}{3}$ (d) $\frac{\pi}{12}$

সমাধান: (c) ; 4টি option বসিয়ে check কর। $f'(x) = -\sin^4 x + 3 \sin^2 x \cos^2 x$

$\therefore f'(x) = 0 \Rightarrow 3 \cos^2 x = \sin^2 x \Rightarrow \tan^2 x = 3 \Rightarrow (\tan x = \pm\sqrt{3})$ [only +ve] $\therefore x = \frac{\pi}{3}$ and $f''(x) < 0$

20. যদি $y^x = x^y$ হয়, তাহলে $\frac{dy}{dx}$ এর মান হচ্ছে—

- (a) $\frac{\ln y + \frac{y}{x}}{\ln x + \frac{x}{y}}$ (b) $\frac{\ln y - \frac{x}{y}}{\ln x - \frac{x}{y}}$ (c) $\frac{\ln y - \frac{y}{x}}{\ln x - \frac{x}{y}}$ (d) $\frac{\ln x - \frac{y}{x}}{\ln y - \frac{x}{y}}$

সমাধান: (c) ; $y^x = x^y \Rightarrow x \ln y = y \ln x \Rightarrow x \cdot \frac{1}{y} \cdot y_1 + \ln y = \frac{y}{x} + \ln x \cdot y_1 \Rightarrow y_1 \left(\frac{x}{y} - \ln x\right) = \frac{y}{x} - \ln y \Rightarrow y_1 = \frac{\ln y - \frac{y}{x}}{\ln x - \frac{x}{y}}$

21. মান নির্ণয় কর: $\lim_{x \rightarrow 0} \frac{1 - e^{-2x}}{\log(1+x)}$, [$0 < x < 1$]

- (a) 0 (b) 1 (c) 2 (d) $\frac{1}{3}$

সমাধান: (c) ; $\lim_{x \rightarrow 0} \frac{1 - e^{-2x}}{\log(1+x)} = \lim_{x \rightarrow 0} \frac{1 - 1 + 2x - \frac{4x^2}{2!} + \dots}{x - \frac{x^2}{2} + \frac{x^3}{3} - \dots} = \lim_{x \rightarrow 0} \frac{2 - \frac{4x}{2!} + \dots}{1 - \frac{x}{2} + \frac{x^2}{3} - \dots} = \frac{2}{1} = 2$

22. যদি $y = \sin^{-1} \left[\frac{4\sqrt{x}}{1+4x} \right]$ হয়, তাহলে $\left(\frac{dy}{dx}\right)_{(4,2)}$ এর মান হচ্ছে—

- (a) 4 (b) $\frac{1}{17}$ (c) $\frac{1}{9}$ (d) None of the above

সমাধান: (d); (4,2) বিন্দুটি সমীকরণকে সিদ্ধ করেনা।

23. $\int \sqrt{\frac{1-x}{1+x}} dx$ এর মান হচ্ছে—

- (a) $\sin^{-1} x - \sqrt{1-x^2} + c$ (b) $\sqrt{1-x^2} + c$ (c) $\sin^{-1} x + c$ (d) $\sin^{-1} x + \sqrt{1-x^2} + c$

সমাধান: (d) ; $\int \sqrt{\frac{1-x}{1+x}} dx = \int \frac{1-x}{\sqrt{1-x^2}} dx = \int \frac{1}{\sqrt{1-x^2}} dx - \int \frac{x}{\sqrt{1-x^2}} dx = \sin^{-1} x + \sqrt{1-x^2} + c$



24. $\int \frac{\sec^2(\cot^{-1} x)}{1+x^2} dx$ এর মান হচ্ছে-

- (a) $-\frac{1}{x} + c$ (b) $\frac{1}{x} + c$ (c) $x + c$ (d) $-x + c$

সমাধান: (a) ; $\int \frac{\sec^2(\cot^{-1} x)}{1+x^2} dx$; $\cot^{-1} x = z \Rightarrow -\frac{1}{1+x^2} dx = dz$

$\therefore - \int \sec^2 z dz = -\tan z + c = -\tan(\cot^{-1} x) + c = -\tan\left(\tan^{-1} \frac{1}{x}\right) + c = -\frac{1}{x} + c$

25. মান নির্ণয় কর: $\int_0^{\pi/2} \cos^3 x \sqrt{\sin x} dx$

- (a) -2 (b) $\frac{8}{21}$ (c) $\frac{4}{15}$ (d) None of the above

সমাধান: (b) ; $\int_0^{\pi/2} \cos^3 x \sqrt{\sin x} dx$; $\sin x = z$; $x = 0 \Rightarrow z = 0 \Rightarrow \cos x dx = dz$; $x = \frac{\pi}{2} \Rightarrow z = 1$

$\int_0^1 (1-z^2)\sqrt{z} dz = \int_0^1 (\sqrt{z} - z^{5/2}) dz = \left[\frac{z^{3/2}}{3/2+1} - \frac{z^{7/2}}{7/2+1} \right]_0^1 = \frac{8}{21}$ (Ans.)

26. মান নির্ণয় কর: $\int_0^{\pi/4} \frac{\sin 2\theta}{\sin^4 \theta + \cos^4 \theta} d\theta$

- (a) 0 (b) $\frac{\pi}{2}$ (c) $\frac{\pi}{4}$ (d) $\frac{\pi}{3}$

সমাধান: (c) ; $\int_0^{\pi/4} \frac{2 \tan \theta \sec^2 \theta d\theta}{\tan^4 \theta + 1} = \tan^2 \theta = z$ [$\theta = 0 \rightarrow z = 0$; $\theta = \frac{\pi}{4} \rightarrow z = 1$]

$\Rightarrow 2 \tan \theta \sec^2 \theta d\theta = dz$; $\int_0^1 \frac{dz}{1+z^2} = [\tan^{-1} z]_0^1 = \frac{\pi}{4}$


*27. একটি পাতলা কাচের পাত ঠিক 9.5kg ভরের বস্তু ধারণ করতে পারে। এর উপর একটি বস্তু রাখা হল এবং বস্তুসহ পাতটিকে ক্রমবর্ধমান ত্বরণে উত্তোলন করা হল। দেখা গেল যে, ত্বরণ যখন 0.2 ms^{-2} , তখন পাতটি ভেঙ্গে যায়। বস্তুটির ভর নির্ণয় কর।

- (a) 9.31 kg (b) 10.62 kg (c) 8.62 kg (d) 7.62 kg

সমাধান: (a) ; $R = mg + mf \Rightarrow R = m(g + f) \Rightarrow 9.5 \times g = m(9.8 + 0.2) \therefore m = 9.31 \text{ kg}$

28. দুইজন লোক 6 m লম্বা ও 30kg ওজনের একটি ভারী সুষম বার বহন করছে। একজন বারটির এক প্রান্ত থেকে 1m ও অন্যজন অপর প্রান্ত থেকে 2m দূরত্বে বারটি বহন করে নিয়ে যাচ্ছে। তাদের প্রত্যেকে কত ওজন বহন করে?

- (a) 10kg, 20kg (b) 15 kg, 15 kg (c) 12 kg, 18 kg (d) None of the above

সমাধান: (a) ;  ; $\frac{30}{3} = \frac{x_1}{2} = \frac{x_2}{1} \therefore x_1 = 20 \text{ kg}, x_2 = 10 \text{ kg}$


29. যদি কোন কণার উপর ক্রিয়ারত দুইটি সমান বলের লব্ধির বর্গ তাদের গুণফলের তিনগুণ হয়, তাহলে বল দুটোর অন্তর্গত কোণের মান হবে-

- (a) 90° (b) 60° (c) 45° (d) 30°

সমাধান: (b) ; $3P^2 = P^2 + P^2 + 2P^2 \cos \alpha \Rightarrow \alpha = \cos^{-1} \left(\frac{1}{2}\right) \therefore \alpha = 60^\circ$

